

## নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অধীন ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়নাধীন উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র লাকসাম, কুমিল্লা এর জন্য নিম্নবর্ণিত পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের লক্ষ্যে আগ্রহী প্রার্থীদের নিকট হতে নিম্নোক্ত শর্তানুযায়ী দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্রম	পদের নাম	পদের সংখ্যা	মাসিক সম্মানী (সর্ব সাকুল্যে)	যোগ্যতা
০১	পেশ ইমাম	০১ জন	১৫,০০০/-	(ক) দ্বিতীয় শ্রেণির কামিল ডিগ্রী/ দাওরায়ে হাদিস পাস। কোন প্রতিষ্ঠানে খতিব, মুফতি বা মুহাদ্দিস হিসেবে ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। (খ) হাফেজ-ই-কোরআন ও ইলমে কিরাত এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদ প্রাপ্ত হাফেজ-ই কোরআন অগ্রাধিকার পাবেন। (গ) আরবিতে কথা বলা ও আরবিতে উপস্থিত খুতবা পাঠ এবং ইসলামের উপর গবেষণাধর্মী প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। (ঘ) জুমআ'র খুতবা প্রদান এবং জুমআ ও ওয়াক্ফিয়া নামাজের ইমামতি করতে হবে।
০২	মুয়াজ্জিন	০১ জন	১০,০০০/-	(ক) দ্বিতীয় শ্রেণির আলিম অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী হতে হবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে মুয়াজ্জিন হিসেবে ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। (খ) হাফেজ-ই-কোরআন ও ইলমে কিরাত এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদ প্রাপ্তদের অগ্রাধিকার পাবেন। (গ) জুমআ ও ওয়াক্ফিয়া নামাজের সময় আল্লাহর দিকে আহ্বানকারী হিসেবে দায়িত্ব পালন এবং পেশ ইমামের অনুপস্থিতিতে নামাজের ইমামতি করতে হবে।
০৩	খাদিম	০২ জন	৭,৫০০/- (জনপ্রতি)	(ক) দ্বিতীয় শ্রেণির আলিম অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী হতে হবে। (খ) শারীরিকভাবে সুস্থ ও সক্ষম হতে হবে। (গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে খাদিম হিসেবে ০১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। (ঘ) খাদিমের দায়িত্ব পালন এবং মুয়াজ্জিনের অনুপস্থিতিতে জুমআ ওয়াক্ফিয়া নামাজের সময় আল্লাহর দিকে আহ্বানকারী হিসেবে দায়িত্ব পালন করতে হবে।

### শর্তাবলী

- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
- স্থায়ী জনবল কাঠামো অনুমোদিত না হওয়া পর্যন্ত সর্বসাকুল্যে সম্মানীর ভিত্তিতে জনবল নিয়োগ দেয়া হবে।
- আবেদনপত্রে প্রার্থীকে (ক) নাম (খ) পিতার নাম (গ) স্থায়ী ঠিকানা (ঘ) বর্তমান ঠিকানা (ঙ) জন্ম তারিখ (চ) জাতীয়তা (ছ) শিক্ষাগত যোগ্যতা (জ) অভিজ্ঞতা উল্লেখপূর্বক স্ব-হস্তে সাদা কাগজে আবেদন করতে হবে।
- আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ  
(ক) পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র।  
(খ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সাদা তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙিন ছবি।  
(গ) ১ম-শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।  
(ঘ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি।
- আবেদনপত্র উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লা বরাবর আগামী ১০/০৭/২০২৪খ্রিস্টাব্দের মধ্যে অফিস চলাকালীন সময়ে ডাকযোগে/সরাসরি পৌঁছাতে হবে। অসম্পূর্ণ, ক্রটিজনিত ও বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে। খামের উপরে পদের নাম স্পষ্টভাবে লিখতে হবে।
- আবেদনের সাথে পরীক্ষার ফি বাবদ ইমাম পদের জন্য ৫০০/- টাকা, মুয়াজ্জিন পদের জন্য ৩০০/- টাকা এবং খাদিম পদের জন্য ২০০/- টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লা বরাবর দিতে হবে।
- বাছাইকৃত প্রার্থীদের পরীক্ষার তারিখ ও সময় পরবর্তীতে অবহিত করা হবে।
- কোন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না একাধিক পদে আবেদন করলে আবেদন বাতিল বলে গণ্য হবে।
- প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- কোন তথ্য গোপন করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে বিষয়টি প্রমাণ সাপেক্ষে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- যেকোন প্রকার তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।
- নিয়োজিত প্রার্থীগণকে শারীরিক সুস্থতা সম্পর্কে উপযুক্ত প্রমাণ দাখিল করতে হবে।
- আবেদনপত্র গ্রহণ, বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন অংশে পরিবর্তন ও সংশোধনের ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করে এবং নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এই নিয়োগ বিজ্ঞপ্তি পরিবর্তন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

APL  
২৪/০৬/২৪  
মো: আব্দুল হাই সিদ্দিকী  
উপজেলা নির্বাহী অফিসার  
লাকসাম, কুমিল্লা।

ও  
সভাপতি  
উপজেলা মডেল মসজিদ পরিচালনা কমিটি, লাকসাম,  
কুমিল্লা।